গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫- ৪২৬

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতার সুবিধাভোগী বাছাইয়ের জন্য অনলাইনে আবেদন গ্রহণ;**
**সূত্র : ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৯৪৪ তারিখ: ১২/১০/২০২৫ খ্রি.**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলায় ০৯ (নয়) টি ইউনিয়নে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা এবং উপবৃত্তির অর্থ **G2P** পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানে সূত্রোস্থ পত্র মোতাবেক নির্দেশনা পাওয়া যায়।

০২। ২০২৫-২৬ অর্থবছরে ভাতা পেতে ১৩/১০/২০২৫ খ্রি. তারিখ হতে ০৬/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সমাজসেবা অধিদপ্তরের ভাতা আবেদনের সফটওয়্যারের অনলাইন সার্ভার dss.bhata.gov.bd/online-application লিংকে নিজস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত সক্রিয় মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস নম্বর ও ব্যাংক হিসেব, জাতীয় পরিচয়পত্র, সুবর্ণ নাগরিক কার্ড (প্রতিবন্ধী পরিচয়পত্র) দ্বারা ভাতা গ্রহণেচ্ছু আবেদনকারীদের অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সময় আবশ্যিকভাবে সক্রিয় মোবাইল হিসেব নম্বর অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে।

০৩। পূর্বে অনলাইনে আবেদনকারী ও বর্তমানে ভাতাভোগী ব্যক্তিদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই। অনলাইনে নতুনভাবে আবেদনকারী ও পূর্বের আবেদন তালিকায় অপেক্ষমাণ ব্যক্তিদের সমন্বয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বরাদ্দ প্রাপ্যতা অনুযায়ী নীতিমালার আলোকে প্রাথমিকভাবে ইউনিয়ন বাছাই-কমিটি দ্বারা উপকারভোগী নির্বাচনপূর্বক ভাতা প্রদান করা হবে।

০৪। এমতাবস্থায়, **বর্ণিত সময় অনুসারে তাঁর ইউনিয়নে ভাতাগ্রহণেচ্ছু ব্যক্তিদের অনলাইনে আবেদনগ্রহণে প্রয়োজনীয় প্রচার-প্রচারণা ও যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।** নির্ধারিত সময়ের পরে চলতি অর্থবছরে ভাতাপ্রাপ্তির জন্য পুনরায় আবেদন গ্রহণ করা হবেনা। এছাড়া আবশ্যিকভাবে সতর্কতার সাথে সক্রিয় মোবাইল একাউন্ট যুক্ত সাপেক্ষে আবেদন করতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ভাতার আবেদন গ্রহণ সংক্রান্ত নির্দেশনা পত্র ০১ ফর্দ

২৬/১০/২০২৫

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
সমাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা
কর্মসূচি বাস্তবায়নসংক্রান্ত উপজেলা কমিটি

**সভাপতি**
**ভাতা বিতরণ সংক্রান্ত ইউনিয়ন কমিটি**
**ও**
**চেয়ারম্যান .............................ইউনিয়ন পরিষদ**
**সদরপুর, ফরিদপুর।**

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৫- ৪২৬

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। পরিচালক (সামাজিক নিরাপত্তা) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আঁগারগাও ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৫। অফিস কপি।

২৬/১০/২০২৫

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪. ৭৪৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ / ১২ অক্টোবর ২০২৫

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজরা, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও উপবৃত্তি প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। সে লক্ষ্যে G2P (Government to Person) পদ্ধতিতে ভাতা প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫খ্রি: তারিখ হতে ০৬-১১-২০২৫খ্রি: তারিখ পর্যন্ত dss.bhata.gov.bd/online-application লিংকে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও তথ্য এন্ট্রির সময় নিম্নোক্ত নির্দেশাবলী:

১. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Information System (DIS) এর সাথে যাচাই করতে হবে।
২. অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০২৪ তারিখের নম্বর: ০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০.৫২ সংখ্যক এর পরিপত্রটি অনুসরণ করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
৩. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৪. পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকা যদি থাকে) পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।
৫. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইনে আবেদন তালিকার (অপেক্ষমান তালিকা যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।
৬. বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
৭. অনলাইন আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই কার্যক্রম ৩০ নভেম্বর ২০২৫ এর মধ্যে সম্পন্ন করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৮. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৫খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

১২.১০.২০২৫
(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সামাজিক নিরাপত্তা অধিশাখা
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
☎ ০২-৪৪৮২৬৮০১
dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক (সকল)........................।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)........................।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৭. সমাজসেবা অফিসার, উপজেলা/শহর/তেজগাঁও সার্কেল, সমাজসেবা কার্যালয় (সকল)...............।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

CamScanner